

তারিখ 18 OCT. 1986...
পৃষ্ঠা... 5

003

দৈনিক বাংলা



**পদার্থ বিজ্ঞানে
তিনজনের নোবেল
পুরস্কার লাভ**

ইলেকট্রন, ১৫ই অক্টোবর (রয়টার)।—ইলেকট্রন মাইক্রোস্কোপের বিকাশে অগাধী ভূমিকা গ্রহণের জন্য পশ্চিম জার্মানীর দুজন ও সুইজারল্যান্ডের একজন বিজ্ঞানীকে পদার্থ বিজ্ঞানে ১৯৮৬ সালের নোবেল পুরস্কারে ভূষিত করা শেষ পৃঃ ৪-এর কঃ দঃ

পুরস্কার লাভ
(প্রথম পঃ পর)

হয়েছে।—পশ্চিম জার্মানীর বিশ্ব বিখ্যাত ম্যাক্স প্লাঙ্ক ইন্সটিটিউটের অঙ্গ সংস্থা ফিজিক্স হাবার ইন্সটিটিউটের ৭৯ বছর বয়স্ক অধ্যাপক আর্নস্ট রুসকা ২০ লাখ সুইডিস ক্রোনা (প্রায় দু লাখ ৯০ হাজার ডলার) পুরস্কারের অর্ধেক অর্থ পাবেন এবং পুরস্কারের অবশিষ্ট অর্থ পাবেন সুইজারল্যান্ডের জুরিখে অবস্থিত আইবিএম ল্যাবরেটরীতে কর্মরত দুইজন বিজ্ঞানী—পশ্চিম জার্মানীর গার্ড বিনিং ও সুইজারল্যান্ডের হেনরিখ

রুসকার উদ্ভাবনী কর্মকান্ড ১৯২০ এর দশকের শেষের দিকে বার্লিনের কারিগরি বিশ্ববিদ্যালয়ে পরিচালিত হয় এবং তিনি ১৯৩৩ সালে বিশ্বের প্রথম ইলেকট্রন মাইক্রোস্কোপ তৈরি করেন। এই যন্ত্রটি ব্যবহার করে সুইডেনের ফটোগ্রাফার লেনার্ট নিরসন বিশ্বকে প্রথম মানবদেহে ভ্রুনের গর্ভস্থতা ও ভ্রুনের বিকাশের ছবি উপহার দেন।

শান্তি পুরস্কার

এবারের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন মার্কিন ঔপন্যাসিক ও মানবাধিকার প্রতিষ্ঠার অভিযাত্রী ইলি ভিজেল।

শান্তি পুরস্কার-পাওয়ার পর দেয়া এক বাণীতে তিনি আশিয়ান ইহুদীদের দেশান্তরী হবার অনুমতি দেয়ার জন্য সোভিয়েট নেতা গরবাচেভের প্রতি আহবান জানিয়েছেন। তিনি বলেন এটা হবে সোভিয়েট নেতার সব থেকে বড় উপহার। এ খবর এএফপি।

মঙ্গলবার ১৯৮৬ সালের নোবেল শান্তি পুরস্কার ঘোষণা করা হয়।

ইলি ভিজেল হচ্ছেন একজন ইহুদী। তিনি ১৯২৮ সালে রুম্যানিয়ায় জন্মগ্রহণ করেন এবং মাত্র ১৬ বছর বয়সে দ্বিতীয় মহামাধিকার সময়ে বন্দী হয়ে নাৎসী বন্দী শিবিরে আটক হন। এই বন্দী শিবিরে তাঁর মা বাবা ও তিন বোনকে হত্যা করা হয়।

ভিজেল জাতিসংঘে এক সাংবাদিক সম্মেলনে ঘোষণা করেন, তিনি তাঁর এই পুরস্কার নাৎসী বন্দী শিবির থেকে উদ্ধার পাওয়া জনগণের উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। তিনি এখন একজন মার্কিন নাগরিক।

রসায়নে তিন জনের নোবেল পুরস্কার লাভ
গটফ্রাইড থেকে রবার্টের অপার এক খবরে বলা হয় উত্তর আমেরিকার তিনজন বিজ্ঞানীকে রসায়ন বিজ্ঞানে ১৯৮৬ সালের নোবেল পুরস্কারে ভূষিত করা হয়েছে।
রাসায়নিক শৌভিক প্রক্রিয়ার শান্তি সংক্রান্ত কাজে অবদানের জন্য তাদের এই পুরস্কার দেয়া হয়। বিজ্ঞানী তিনজন হচ্ছেন—হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ডাডলী হারশেবাথ, বার্লিন বিশ্ববিদ্যালয়ের ইউয়াম আইলি এবং টুরিন বিশ্ববিদ্যালয়ের জন পেলাসসী।